



## প্রেস-রিলিজ

### শেরে বাংলা এ কে ফজলুল হক-এর জন্মদিন উপলক্ষে বরিশাল বিশ্ববিদ্যালয়ে আলোচনা সভা অনুষ্ঠিত

বরিশাল বিশ্ববিদ্যালয়, ০১ নভেম্বর ২০২২ঞ্চিৎ

বরিশাল বিশ্ববিদ্যালয়ে শেরে বাংলা এ কে ফজলুল হক-এর ১৪৯ তম জন্মবার্ষিকী উপলক্ষে এক আলোচনা সভা অনুষ্ঠিত হয়েছে। গতকাল ৩১ অক্টোবর সন্ধ্যা ৭.৩০ টায় বিশ্ববিদ্যালয়ের শেরে বাংলা হলের আয়োজনে এ আলোচনা সভা অনুষ্ঠিত হয়। সভায় প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন বরিশাল বিশ্ববিদ্যালয়ের উপাচার্য প্রফেসর ড. মো. ছাদেকুল আরেফিন। এসময় প্রধান অতিথির বক্তব্যে উপাচার্য মহোদয় বলেন, শেরে বাংলা এ কে ফজলুল হকের জীবনী সম্পর্কে শিক্ষার্থীদের জানতে হবে। তাঁর জীবনী পড়ে উদ্বৃদ্ধ হয়ে আগামীর বাংলাদেশ বিনির্মানে শিক্ষার্থীদেরকেই মুখ্য ভূমিকা রাখতে হবে। অনুষ্ঠানে বিশেষ অতিথি ছিলেন ট্রেজারার অধ্যাপক ড. মোহাম্মদ বদরুজ্জামান ভূইয়া এবং কলা ও মানবিক অনুষদের ডিন অধ্যাপক ড. মোঃ মুহসিন উদ্দীন। শেরে বাংলা হলের প্রাধ্যক্ষ আবু জাফর মিয়ার সভাপতিত্বে অন্যান্যদের মধ্যে আরও বক্তব্য রাখেন বরিশাল বিশ্ববিদ্যালয় শিক্ষক সমিতির সাধারণ সম্পাদক ড. আবদুল বাতেন চোধুরী, বঙ্গবন্ধু হলের প্রাধ্যক্ষ আরিফ হোসেন, শেরে বাংলা হলের আবাসিক শিক্ষক ও ইংরেজী বিভাগের চেয়ারম্যান ইয়াসিফ আহমেদ ফয়সাল, আবাসিক শিক্ষার্থী শরিফুল ইসলাম নিলয় এবং এস এম শামিম হোসেন। শেরে বাংলা হলের আবাসিক শিক্ষক এবং ভূ-তত্ত্ব ও খনিবিদ্যা বিভাগের সহকারী অধ্যাপক হাসনাত জামানের সঞ্চালনায় অনুষ্ঠানে শেরে বাংলা হলের আবাসিক শিক্ষক, সহকারী আবাসিক শিক্ষক, শিক্ষার্থী ও কর্মকর্তা-কর্মচারীবৃন্দ উপস্থিত ছিলেন।

কর্তৃপক্ষের নির্দেশক্রমে

২০২২ খ্রিস্টাব্দের  
১১ নভেম্বর

মো. ফয়সল মাহমুদ  
উপ-পরিচালক (চ.দা.)  
জনসংযোগ অফিস  
বরিশাল বিশ্ববিদ্যালয়